

(This question paper contains 2 printed pages)

Roll No.

Sl. No of Question Paper: 5180

Unique Paper Code: 208135

E

Name of the Paper: Compulsory Language

Name of the Course: B. A. (Prog.) Bengali B

Semester: I

Duration : 3 hours

Max. Marks : 75

1. নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন দশটি)

10 x 2 = 20

- ক) ভাষার সংজ্ঞা লেখ।
- খ) স্বরবর্ণ কাকে বলে?
- গ) বাংলা বর্ণমালায় কটি ব্যঞ্জনবর্ণ আছে?
- ঘ) মূর্ধন্যবর্ণ কাকে বলে?
- ঙ) অল্পপ্রাণ বর্ণ কাকে বলে?
- চ) যোগরূঢ় শব্দের সংজ্ঞা লেখ।
- ছ) অর্থের ভিত্তিতে শব্দকে ক'ভাগে ভাগ করা যায়?
- জ) বিশেষ্য পদ কাকে বলে?
- ঝ) বর্ন ও ধ্বনির মধ্যে দুটি পার্থক্য কি?
- ঞ) ধ্বনি পরিবর্তনের দুটি কারণ লেখ।
- ট) সমার্থক শব্দ লেখ - মেঘ, কন্যা
- ঠ) বিপরীতার্থক শব্দ লেখ - অনুকূল, যোগ

2. নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন দুটি)

10 x 2 = 20

- ক) স্পর্শবর্ণ কাকে বলা হয়? শ্রেণীবিভাগ কর।

খ) সংজ্ঞা লেখ - অপিনিহিতি, স্বরসঙ্গতি

গ) শব্দের অর্থমূলক শ্রেণী বিভাগ কর।

3. পত্র রচনা কর -

15

ফ্রিশিপের জন্য কলেজের অধ্যক্ষকে পত্র লেখ।

অথবা

রাস্তার আবর্জনা পরিষ্কার হচ্ছে না, সে কথা জানিয়ে পুরসভা প্রধানকে পত্র লেখ।

4. বাগধারা সহ বাক্য রচনা কর -

5

আমাবস্যার চাঁদ, আকাশ কুসুম, গৌরচন্দ্রিকা, অরন্যে রোদন, দেশের লাঠি একের বোঝা

5. নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও

5 x 3 = 15

বেতারের আমাদের দেশে পোষাকী নাম আকাশবানী। আমাদের দেশে বেতার হল সবচেয়ে শক্তিশালী ও বিপুল জনপ্রিয় এক গণমাধ্যম। জনগণের সচেতনতা বৃদ্ধিতে, তথ্য জ্ঞাপনে, শিক্ষাদানে এবং বিনোদনের ক্ষেত্রেও বেতারের ভূমিকা অসীম। এর পাশাপাশি জাতীয় সংহতি, দেশের ঐক্য অখুল রাখতে এবং সরকারের সাফল্য ও অগ্রগতির নানা দিক সমন্ধে শ্রোতাদের অবহিত রাখার কাজেও বেতার গণমাধ্যম এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক) আমাদের দেশে বেতারের পোষাকী নাম কী?

খ) আমাদের জীবনে বেতারের ভূমিকা কতখানি?

গ) দেশের শক্তিশালী গণমাধ্যম কোনটি?

ঘ) তথ্যজ্ঞাপন, শিক্ষাদান ছাড়া বেতারের ভূমিকা আর কতখানি?

ঙ) শব্দের অর্থ লেখ - বিনোদন, গণমাধ্যম